

## লিভার ক্যান্সার

### লিভার ক্যান্সার কেন হয়?

- সারা পৃথিবীতেই লিভার ক্যান্সার, ক্যান্সারজনিত মৃত্যুর অন্যতম প্রধান কারণ।
- প্রতি বছর পৃথিবীতে প্রায় সাড়ে চার লক্ষ লোক এ রোগে আক্রান্ত হন।
- দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ায় লিভার ক্যান্সারের প্রাদুর্ভাব পৃথিবীর অন্য যে কোন অঞ্চলের চেয়ে অনেক বেশী।
- বিশ্বব্যাপি লিভার ক্যান্সারের মূল কারণ হেপাটাইটিস বি ও সি ভাইরাস আর এ্যালকোহল।
- আমাদের দেশে অবশ্য হেপাটাইটিস বি মূল খলনায়ক।

### লিভার ক্যান্সারের লক্ষণ

- যে কোন বয়সের লোকই এ রোগে আক্রান্ত হতে পারেন।
- লিভার ক্যান্সারের বুকি পুরুষদের ক্ষেত্রে মহিলাদের চেয়ে ৪ থেকে ৬ গুণ বেশী।
- সাধারণতঃ ক্যান্সার হওয়ার আগে লিভারে সিরোসিস দেখা দেয়, তবে এর ব্যতিক্রম হওয়াটাও অস্বাভাবিক না।
- লিভার ক্যান্সারের রোগীরা প্রায়ই পেটের ডান পাশে উপরের দিকে অথবা বুকের ঠিক নীচে মাঝ বরাবর ব্যথা অনুভব করেন যার তীব্রতা রোগী ভেদে বিভিন্ন রকম।
- সহজেই ক্লান্ত হয়ে পরা, পেট ফাপা, ওজন কমে যাওয়া আর হালকা জ্বর জ্বর ভাব এ রোগের অন্য লক্ষণ।
- লিভার ক্যান্সার রোগীদের প্রায়ই জন্ডিস থাকে না, আর থাকলেও তা খুবই অল্প।
- রোগীদের খাওয়ায় অরুচি, অতিরিক্ত গ্যাস কিংবা কষা পায়খানার কমপ্লেন থাকতে পারে- আবার কখনো দেখা দেয় ডায়রিয়া।
- পেটে পানি থাকতেও পারে, আবার নাও থাকতে পারে।

### লিভার ক্যান্সার নির্ণয়

- লিভার ক্যান্সার নির্ণয়ে সহজ উপায় আল্ট্রাসোনোগ্রাম, যদিও সিটি স্ক্যান এক্ষেত্রে বেশী নির্ভরযোগ্য।
- রক্তের AFP পরীক্ষাটি লিভার ক্যান্সারের একটি মোটামুটি নির্ভরযোগ্য টিউমার মার্কার।
- লিভার সিরোসিসে আক্রান্ত যে কোন ব্যক্তিরই উচিত প্রতি ৬ মাসে একবার AFP ও আল্ট্রাসোনোগ্রাম পরীক্ষা করা।
- তবে লিভার ক্যান্সারের ডায়াগনোসিস কনফার্ম করতে হলে আল্ট্রাসোনোগ্রাম গাইডেড FNAC অত্যন্ত জরুরী আর অভিজ্ঞ হাতে এর সাফল্যের হারও প্রায় শতভাগ।

### লিভার ক্যান্সারের চিকিৎসা

- শুরুতে ধরা পরলে আর আকারে ছোট থাকলে অপারেশনের মাধ্যমে এই টিউমার লিভার থেকে কেটে বাদ দেয়া যায়।
- পাশাপাশি আছে বিনা অপারেশনে টিউমার অ্যাবলেশন বা টিউমারকে পুরিয়ে দেয়া।
- আছে আগের চেয়ে অনেক বেশী কার্যকর, কিন্তু অনেক কম পার্শ্বপ্রতিক্রিয়ার কেমোথেরাপি ইমিউন-থেরাপি।

### প্রচারে :



লিভার কেয়ার এন্ড রিসার্চ সেন্টার, বাড়ী নং- ৮/এ, রোড নং-১৪ (নতুন), ধানমন্ডি, ঢাকা-১২০৯  
(সোবহানবাগ মসজিদের পশ্চিমে)  
ফোরাম ফর দি স্টাডি অব দি লিভার, রুম নং-৬ (দ্বিতীয় তলা), বনানী সুপার মার্কেট  
কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা-১২১৩  
মোবাইলঃ ০১৯৭০৮০৮০২৯, ই-মেইল: <fsliver.bd@gmail.com>  
ওয়েব সাইটঃ www.liverforumbd.org